



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে গঠিত কমিটির আহবায়ক মাননীয় কোষাধ্যক্ষ, অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ-এর সভাপতিত্বে উপাচার্য অফিস সংলগ্ন প্রফেসর আব্দুল মতিন চৌধুরী ভার্সুয়াল ক্লাস রুমে গঠিত কমিটির সদস্যদের উপস্থিতিতে ০৬ জুন ২০২২ তারিখ, সোমবার, সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত সভার-

কার্যবিবরণী

সভার প্রারম্ভে মাননীয় কোষাধ্যক্ষ সভায় উপস্থিত সদস্যবৃন্দকে সাদর সম্বাষণ জ্ঞাপন করেন। সভায় ১লা জুলাই ২০২২ তারিখ, শুক্রবার বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

- ০১ জুলাই ২০২২ তারিখ, শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে সকাল ১০:০০টায় শারীরিক শিক্ষা কেন্দ্রের কেন্দ্রীয় খেলার মাঠে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা ও হলসমূহের পতাকা উত্তোলনের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), কোষাধ্যক্ষ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।
- সকাল ১১:৩০ টায় টিএসসি-তে অনুষ্ঠেয় আলোচনা সভায় মূল প্রতিপাদ্য “গবেষণা ও উদ্ভাবন: ইন্ডাস্ট্রি একাডেমিয়া সহযোগিতা” বিষয়ের ওপর প্রবন্ধ উপস্থাপন করবেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-এর চেয়ারম্যান, ড. কাজী খলীকুজ্জামান আহমদ।
- ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য স্ব স্ব অনুষদ/হল/বিভাগ/ইনস্টিটিউট/সমিতি/সংগঠন এর ব্যানারে :

বিশ্ববিদ্যালয়ের মনোস্থান

“গবেষণা ও উদ্ভাবন: ইন্ডাস্ট্রি একাডেমিয়া সহযোগিতা”

প্রতিষ্ঠার ১০১ বছর

(১৯২১-২০২২)

০১ জুলাই, ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

এবং অনুষদ/হল/বিভাগ/ইনস্টিটিউট/সমিতি/সংগঠন-এর নাম লিখতে হবে। ব্যানারের পরিমাপ হবে ৯ ফুট × ৩ ফুট। ব্যানার তৈরীর ক্ষেত্রে নিজস্ব পছন্দের রং ব্যবহার করা যাবে।

- ১লা জুলাই, ২০২২ তারিখ, শুক্রবার বিশ্ববিদ্যালয় দিবসের দিন বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষাসমূহ (যদি থেকে থাকে) স্থগিত রাখা হোক।
- ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশনসহ সকল সমিতির কর্মকর্তা/কর্মচারীবৃন্দ বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন এবং স্ব স্ব সমিতি এজন্য সাংগঠনিক বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সকলকে অবহিত করবেন।
- বিশ্ববিদ্যালয় দিবসের দিন জরুরি চিকিৎসা সেবা প্রদানের লক্ষে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার, এ্যাম্বুলেন্স ও ঔষধ রাখার ব্যবস্থা নেয়া হোক। প্রধান মেডিকেল অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-২০২২ উদযাপনের লক্ষ্যে গত ৩০-০৫-২০২২ তারিখে মাননীয় উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় খাতের ব্যয় বিষয়ক বাজেট মাননীয় কোষাধ্যক্ষের সাথে আলোচনাপূর্বক প্রণয়নের জন্য হিসাব পরিচালক-কে অনুরোধ করা হলো।
- ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠান প্রচারের লক্ষে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে যোগাযোগ করা যেতে পারে। এ বিষয়ে পরিচালক, পাবলিক রিলেশন মাননীয় উপাচার্যের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। বিশ্ববিদ্যালয় দিবসের দিন সকাল ১০:০০টায় উদ্বোধনী অনুষ্ঠানে যোগদানের জন্য অন্যান্য দিনের ন্যায় সব রুটে শিক্ষক/ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা/কর্মচারীদের আসা যাওয়ার সুবিধার্থে ভোর থেকে পরিবহণের ব্যবস্থা রাখা হোক। পরিবহণ ম্যানেজার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-০৭-০৬-২০২২
(অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ)
কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়

ও

আহ্বায়ক

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস ২০২২ উদযাপন কমিটি

all teacher and website
— Man
13.6.22
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
পরিচালক, বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

১৩/৬/২২